দৈনিক সময় বায়ান্ন
The Daily Somoy Bayanno

কেশবপুর প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনে সভাপতি ওয়াজেদ খান ডবলু, সাধারণ সম্পাদক বুলবুল



ইমরান হোসেন (যশোর) প্রতিনিধি:

যশোরের কেশবপুর প্রেসক্লাবের দ্বিবার্ষিক নির্বাচনে সভাপতি নির্বাচিত হয়েছেন দৈনিক আমার দেশ-এর কেশবপুর প্রতিনিধি ওয়াজেদ খান ডবলু ও সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন (দৈনিক বাংলা) হারুনার রশীদ বুলবুল। ৪ নভেম্বর (২০২৬) নির্বাচন কমিশনার তাদের নির্বাচিত ঘোষণা করেন।

গত ২৭ অক্টোবর কেশবপুর প্রেসক্লাবের দ্বিবার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার ও কেশবপুর সরকারি ডিগ্রি কলেজের প্রভাষক মো. আব্দুল হান্নান। এ সময় উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনার প্রভাষক মো. নাজমুল হোসাইন ও মেহেদী হাসান।

ঘোষিত নির্বাচন তফসিল অনুযায়ী, ২৮ অক্টোবর থেকে ৩০ অক্টোবর মনোনয়নপত্র সংগ্রহ, ৩১ অক্টোবর মনোনয়নপত্র জমা, ১ নভেম্বর মনোনয়নপত্র যাচাই-বাছাই এবং ৩ নভেম্বর মনোনয়নপত্র প্রত্যাহারের দিন নির্ধারণ করা হয়। ৪ নভেম্বর প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়।

১৮টি পদের বিপরীতে ২১ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করেন। এর মধ্যে সিনিয়র সহসভাপতি, দপ্তর সম্পাদক এবং ক্রীড়া ও সাহিত্য সম্পাদক—এই তিনটি পদে একাধিক প্রার্থী থাকায় আগামী ১৪ নভেম্বর ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

অন্যদিকে, সভাপতি পদে ওয়াজেদ খান ডবলু, সহসভাপতি পদে মো. আব্দুল জলিল, সাধারণ সম্পাদক পদে হারুনার রশীদ বুলবুল, যুগ্ম সাধারণ সম্পাদক-১ পদে মো. শামীম আক্তার মুকুল, যুগ্ম সম্পাদক পদে প্রদীপ কুমার মোদক মানিক, সাংগঠনিক সম্পাদক পদে মো. নাজিম উদ্দীন, কোষাধ্যক্ষ পদে মো. হাফিজুর রহমান হাফিজ, গ্রন্থাগার সম্পাদক পদে মো. আব্দুস সালাম এবং নির্বাহী সদস্য পদে মো. মাসুদুজ্জামান মাসুদ, মো. আকতার হোসেন, মারুফ হোসেন হান্নান, মো. ইমরান হোসেন, মো. ছায়ফুল ইসলাম, মো. জাহিদুল ইসলাম ও মো. রুহুল আমিন বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন।

উল্লেখ্য, ১৮টি পদের মধ্যে ১৫টি পদে কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থী না থাকায় ৪ নভেম্বর নির্বাচন কমিশনার তাদের নির্বাচিত ঘোষণা করেন।

সম্পাদক ও প্রকাশক : শন্তু চন্দ্র সরকার : প্রধান কার্যালয় : হোল্ডিং ৯৪, লেন ৪, ব্লক-এ, রোড ৬, বাইপাইল আশুলিয়া, সাভার ঢাকা-১৩৪৯ থেকে প্রকাশক কর্তৃক প্রকাশিত বিসমিল্লাহ প্রিন্টিং প্রেস, ১২৯ ফকিরাপুল, (১ম লেন নীচতলা), মতিঝিল ঢাকা-১০০০ থেকে মুদ্রিত। যোগাযোগ: ০৯৬১১৬৭৯৫২০, মোবাইল: ০১৫৫৪৭৩৩৩২২ : E-mail: dailysomoybayanno@gmail.com, বার্তা : somoybayanno@gmail.com বিজ্ঞাপন: ০১৮৭০-৭০১৫২০